রেজিঃ ডাকযোগে (প্রাপ্তি স্বীকারসহ)

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD


শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd


স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.০০৬.২৩-৩১

তারিখঃ ১২/০১/১৪৩১ বঙ্গাঃ
২৬/০৫/২০২৫ খ্রিঃ

বিষয়ঃ **বিষয় ঃ চাকুরি হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দন্ড আরোপের নিমিত্ত কারণ দর্শানোর নোটিশ প্রসঙ্গে।**

যেহেতু আপনি জনাব রুহুল আমিন ভূঁইয়া (আইডি নং-৮৪১২৩১০১০), হিসাব করণিক, কিশোরগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কিশোরগঞ্জ আপনার বিরুদ্ধে নির্বাহী প্রকৌশলী, কিশোরগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কিশোরগঞ্জ এর অঃ দাঃ নং-কিশোর/এন-১/২৫৮ তারিখঃ ০৮/০২/২০২৩ খ্রিঃ এর মাধ্যমে প্রাপ্ত অভিযোগ সমূহ তদন্ত পূর্বক প্রতিবেদন দাখিলের জন্য একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে দপ্তরপ্রধান কর্তৃক উত্থাপিত দপ্তরে অননুমোদিত অনুপস্থিত থাকা এবং কাজে অবহেলা, উদাসীনতা ও অমনোযোগিতার অভিযোগ তদন্তে প্রতিষ্ঠিত হয়েছে। আপনার এরূপ আচরণ দায়িত্ব পালনে অবহেলা ও অসদাচরনের শামিল এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮(ক) ও ৪৮(খ) মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ এবং উক্ত প্রবিধানমালার প্রবিধান ৪৯ (১) (খ) অনুযায়ী আপনার উপর যে কোন দন্ড আরোপযোগ্য।

২। যেহেতু, উপরোক্ত অভিযোগে আপনার বিরুদ্ধে শৃঙ্খলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.০০৬.০২৩-৩৫ তারিখঃ ২১/০৪/২০২১ খ্রিঃ মোতাবেক কার্যধারা সূচনা করতঃ আপনার উপর উল্লিখিত দন্ড কেন আরোপ করা হবে না ১০ (দশ) কার্যদিবসের মধ্যে উহার জবাব দাখিলের জন্য আপনাকে অনুরোধ করা হয়। নির্ধারিত সময় অতিক্রান্ত হওয়ার পরও দীর্ঘ সময়ের মধ্যে আপনার নিকট থেকে জবাব পাওয়া না যাওয়ায় কিংবা জবাব দাখিলের জন্য সময় বৃদ্ধিরও কোন আবেদন না পাওয়া যাওয়ায় অভিযোগনামায় আনীত অভিযোগসমূহ তদন্ত করার জন্য একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা বিষয়টি তদন্ত করতঃ তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র যথাযথ পর্যালোচনান্তে আপনার বিরুদ্ধে দপ্তরে অননুমোদিত অনুপস্থিত থাকা এবং কাজে অবহেলা, উদাসীনতা ও অমনোযোগিতার অভিযোগ তদন্তে প্রতিষ্ঠিত হয়েছে যা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮(ক) দায়িত্ব পালনে অবহেলা, ৪৮(খ) অসদাচরণ এবং ৪৮(গ) অনুযায়ী পলায়নের সামীল বিধায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী আপনার কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০১/০৫/২০২৩ খ্রিঃ তারিখ হতে আপনার ওপর বাপাউবোর্ডের চাকুরি হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দন্ড চূড়ান্তভাবে আরোপের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

৪। সেহেতু, কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক কেন আপনার কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১৫/০১/২০২৩ খ্রিঃ তারিখ হতে আপনার ওপর বাপাউবো বোর্ডের চাকুরি হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হবে না, বর্ণিত প্রবিধানমালার প্রবিধান ৫২ (৬) মোতাবেক ৭(সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২(৫) মোতাবেক তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্তি:- তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি।

২৮/০৫/২০২৫

(শেখ মাসুদুল হক)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৬০১০০৬

অঃপৃঃদ্রঃ

E:\Zakir, S-1\Order of 2nd showcoesh\Order of 2nd showcoesh.doc1

<u>প্রাপক,</u>
জনাব রুহুল আমিন ভূঁইয়া (আইডি নং-৮৪১২৩১০১০)
হিসাব করণিক, কিশোরগঞ্জ পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, কিশোরগঞ্জ ।
স্থায়ী ঠিকানা
প্রযত্নে পিতাঃ মোঃ আব্দুল বাড়ি ভূঁইয়া
গ্রামঃ কুলগড়িয়া, ডাকঘরঃ কামারগাঁও
উপজেলাঃ নান্দাইল, জেলাঃ ময়মনসিংহ ।

<u>জ্ঞাতার্থে/কার্যার্থেঃ-</u>

১. পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানোর নোটিশটি ২ (দুই) টি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণ পূর্বক অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানোর নোটিশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৩. সি, এস, ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

ডায়েরী নং
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব করণিক
অফিস সহায় কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক

তারিখঃ
জরুরী/অতি জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
আলোচনা করুন
নথিতে রাখুন

সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।